

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিকল্পনা মন্ত্রণালয়
পরিকল্পনা বিভাগ
শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭
www.plandiv.gov.bd

নং- ২০.০০.০০০০.৩০২.৩২.১৪৪.১৩- ২২৪

তারিখ: ২৫ চৈত্র, ১৪২৩ বঙ্গাব্দ
২৭ মার্চ, ২০১৭ খ্রিস্টাব্দ

বিষয়ঃ বিসিএস (ইকনমিক) ক্যাডারের কর্মকর্তা বেগম শাকিলা আক্তার (০৬২৮), বিশেষ ভারপ্রাপ্ত কর্মকর্তা (সহকারী প্রধান), পরিকল্পনা বিভাগ এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (বিশেষ বিধান) অধ্যাদেশ, ১৯৭৯ অনুযায়ী বিভাগীয় মামলার প্রথম কারণ দর্শানো নোটিশ রুজুকরণ।

প্রথম কারণ দর্শানো নোটিশ


যেহেতু, আপনি বেগম শাকিলা আক্তার (০৬২৮), বিশেষ ভারপ্রাপ্ত কর্মকর্তা (সহকারী প্রধান), পরিকল্পনা বিভাগ ৩১ তম বিসিএস পরীক্ষার মাধ্যমে সরাসরি নিয়োগপ্রাপ্ত হয়ে ১৫/০১/২০১৩ তারিখে বিসিএস (ইকনমিক) ক্যাডারে যোগদান করেন;

যেহেতু, আপনাকে পরিকল্পনা বিভাগের ১৩/০৬/২০১৬ তারিখের ২০.০০.০০০০.৩০২.৩২.২৪৮.১৩-২৪৯ নং স্মারক মোতাবেক ডেনমার্কের কোপেনহেগেনে ১৩/০৮/২০১৬ হতে ২৫/০১/২০১৭ তারিখ পর্যন্ত মোট ০৫ (পাঁচ) মাস ১৬ (ষোল) দিন প্রকৃত ছুটি ভোগের তারিখ হতে বহিঃ বাংলাদেশ ছুটি মঞ্জুর করা হয়;

যেহেতু, আপনি গত ১৬/০১/২০১৭ তারিখে মেয়ের অসুস্থতার জন্য ২৬/০১/২০১৭ হতে ২৫/০১/২০১৮ পর্যন্ত বিনা বেতনে ছুটি মঞ্জুরের আবেদন করলে পরিকল্পনা বিভাগের ০২/০৩/২০১৭ তারিখের ২০.০০.০০০০.৩০২.৩২.১৪৪.১৩-৯০ নং স্মারক যুক্ত পত্রের মাধ্যমে আপনার অনুকূলে বিনা বেতনে অসাধারণ ছুটি মঞ্জুর করা সম্ভব নয় মর্মে আপনাকে জানিয়ে দেয়া হয় এবং অবিলম্বে দেশে প্রত্যাবর্তন পূর্বক কাজে যোগদানের জন্য নির্দেশ দেয়া হয়;

যেহেতু, আপনি সরকারের অনুমতি ছাড়াই বিদেশে অবস্থান করছেন এবং অননুমোদিতভাবে কর্মস্থলে অনুপস্থিত রয়েছেন যা সরকারি কর্মচারী (বিশেষ বিধান) অধ্যাদেশ, ১৯৭৯ এর ৩(বি) ধারা মোতাবেক শাস্তিযোগ্য অপরাধ;

সেহেতু, বেগম শাকিলা আক্তার (০৬২৮), বিশেষ ভারপ্রাপ্ত কর্মকর্তা (সহকারী প্রধান), পরিকল্পনা বিভাগকে সরকারি কর্মচারী (বিশেষ বিধান) অধ্যাদেশ, ১৯৭৯ এর ৩(বি) ধারা মোতাবেক অননুমোদিতভাবে কর্মস্থলে অনুপস্থিত থাকার অভিযোগে অভিযুক্ত করা হ'ল এবং কেন আপনাকে উক্ত অধ্যাদেশের ৪(এ) ধারা মোতাবেক চাকরী হতে বরখাস্ত (Dismissal from Service) করা হবে না বা অন্য কোন উপযুক্ত শাস্তি প্রদান করা হবে না তাঁর সন্তোষজনক লিখিত জবাব এ নোটিশ প্রাপ্তির ০৫ (পাঁচ) দিনের মধ্যে নিম্নস্বাক্ষরকারীর বরাবর দাখিল করার জন্য আপনাকে নির্দেশ প্রদান করা হলো। নির্ধারিত সময়ে লিখিত জবাব প্রদান কালে আপনি ব্যক্তিগত সাক্ষাতে কোন কিছু জ্ঞাত করতে চান কি'না বা আপনার বক্তব্যের সমর্থনে কোন সাক্ষ্য প্রমাণ উপস্থাপন করতে চান কি'না তাও উল্লেখ করার জন্য আপনাকে নির্দেশ প্রদান করা হলো।


(মোঃ জিয়াউল ইসলাম)
সচিব

বেগম শাকিলা আক্তার (০৬২৮)
বিশেষ ভারপ্রাপ্ত কর্মকর্তা (সহকারী প্রধান)
পরিকল্পনা বিভাগ, শেরে বাংলা নগর, ঢাকা।

E-mail: akter-shakila@yahoo.com

(বর্তমানে ডেনমার্কের কোপেনহেগেনে অবস্থানরত)

স্থায়ী ঠিকানাঃ

পিতা- হাবিবুর রহমান

মাতা-সেলিনা রহমান

গ্রামঃ চাতলগাঁও, পোঃ-কুলাউড়া,

উপজেলা- মৌলভীবাজার, জেলা-মৌলভীবাজার।

অনুলিপিঃ

০১। যুগ্ম-সচিব (প্রশাসন), পরিকল্পনা বিভাগ, শেরে বাংলা নগর, ঢাকা।

০২। সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইসিটি শাখা, ব্লক-১৩, পরিকল্পনা বিভাগ, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য)।

০৩। জনাব মোহাম্মদ আসাদুজ্জামান, নির্বাহী পরিচালক, পলল গ্রুপ, ৩০/১, সিঙ্গেলরী লেন, রমনা, ঢাকা।